নাটোর জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির জুন,২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শাহিনা খাতুন, জেলা প্রশাসক, নাটোর।

স্থান : জেলা নির্বাচন অফিসের সম্মেলন কক্ষ, নাটোর।

তারিখ : ২৬/০৬/২০১৮ খ্রিঃ

সময় : বিকাল ৩-৩০টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। জেলার এনজিও সমূহের কার্যক্রমসহ যথারীতি নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত	সভায় নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে এনজিওগুলোর কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, নাটোর জেলা শাখা নামক এনজিও'র প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় বাল্যবিবাহ প্রতিরোধে তারা ০৩টি উঠান বৈঠক করেছে। নিজেরা করি নামক এনজিও প্রতিনিধি সভায় বলেন যে, বাগাতিপাড়া উপজেলায় ০৩টি বাল্যবিবাহ বন্ধ করেছে। ০৩টি নারী নির্যাতন প্রতিরোধ করেছে। ০২টি যৌতুকবিহীন বিবাহ সম্পন্ন করেছে। সভাপতি সভায় বলেন যে, নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি ও অভিভাবদের সচেতনতা বৃদ্ধির বিকল্প নাই। তিনি এ বিষয়ে বেশি বেশি করে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণের জন্য সকল এনজিও প্রধানদের আহবান জানান এবং স্থানীয়ভাবে বাল্যবিবাহ বন্ধ করতে ব্যর্থ হলে সংগে সংগে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণের অনুরোধ করেন। তিনি আরো বলেন যে এনজিওসমুহ তৃনমূল পর্যায়ে কাজ করে তাদের নির্ধারিত কাজের পাশাপাশি নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে আগামী সভার পূর্বেই কার্যক্রমের প্রতিবেদন দাখিল করতে হবে।	১। নারী নির্যাতন, বাল্য বিবাহ প্রতিরোধে বেশি বেশি করে জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। বাল্য বিবাহের সংবাদ পাওয়ার সাথে সাথে প্রশাসনকে জানাতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ৩। সকল এনজিও প্রধান।
২	শিক্ষা সংক্রান্ত	সভায় বিভিন্ন এনজিও কর্তৃক পরিচালিত শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) বলেন যে, শিক্ষার মান উন্নয়নে সকলকে একসংগে কাজ করতে হবে। আলফা ফাউন্ডেশন নামক এনজিও'র প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তাদের পরিচালিত ২৩টি স্কুলে ৬৭৩ জন শিশু লেখা-পড়া করছে। ব্র্যাক নামক এনজিও'র প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তাদের পরিচালিত ২৩১টি স্কুলে ৬৩০৩ জন ছাত্র-ছাত্রী লেখা-পড়া করছে। গণজাগরণ নামক একটি এনজিও বড়াইগ্রাম উপজেলায় প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অন্তর্গত শিক্ষা কেন্দ্রে একজন শিক্ষক ব্যক্তি মালিকানাধীন বাড়ীর একটি কক্ষে চেয়ার, টেবিল, বেঞ্চবিহীন মেঝেতে মাদুর বিছিয়ে ৩০-৪০ জন শিক্ষার্থীকে ৪-৫ বছর ব্যাপী ১ম শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত পাঠদান করছেন। এছাড়াও জিজ্ঞাসাবাদে জানা যায় প্রত্যেক শিক্ষার্থীর নিকট হতে তারা প্রতি মাসে ১৫০/-টাকা করে পাঠদান ফি গ্রহণ করছেন। এ সকল কেন্দ্রে জাতীয় সঙ্গীত পরিবেশন, জাতীয় পতাকা উত্তোলনসহ নির্দেশিত অন্যান্য বিষয়াদি অনুসরণ করা হচ্ছে না। সার্বিক পর্যালোচনায় প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় এ ধরণের ব্যবস্থাপনা গ্রহণযোগ্য নয়।এবিষয়ে ব্র্যাক এর জেলা প্রতিনিধি বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যাখ্যা প্রদান করেছেন। সভাপতি উপরোক্ত	১। শিক্ষার মান উন্নয়নে কাজ করতে হবে। ২। শিক্ষার্থী ঝরে পড়া রোধে কাজ করতে হবে। ৩। মেয়েদের শিক্ষার হার বৃদ্ধি করতে হবে। ৪। বড়াইগ্রাম উপজেলায় গণজাগরণ নামক এনজিও কর্তৃক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অন্তর্গত শিক্ষা কেন্দ্রের বিষয়ে আগামী সভার পূর্বেই তদন্তপূর্বক প্রতিবেদন	১। জেলা শিক্ষা অফিসার ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ৩।সকল এনজিও প্রধান

		বিষয়ে গতসভার সিদ্ধান্ত মোতাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রতিবেদন দাখিল নাকরায় অসন্তোষ প্রকাশ করেন এবং আগামী সভার পূর্বেই প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। সভাপতি আরও বলেন যে, প্রতিটি কাজের জবাব দিহিতা থাকতে হবে। প্রতিটি কাজের/প্রকল্পের অর্থের উৎস, কিভাবে অর্থ ব্যায় করা হচ্ছে এবং প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের সঠিকভাবে দায়িত্ব পালনসহ সকল বিষয়ে স্বচ্ছতা বজায় রাখতে হবে। তিনি বড়াইগ্রাম উপজেলায় গণজাগরণ নামক এনজিও কর্তৃক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অন্তর্গত শিক্ষা কেন্দ্রের বিষয়ে আগামী সভার পূর্বেই তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নটোরকে পুনরায় নির্দেশনা প্রদান করেন এবং শিক্ষার্থী ঝরেপড়া রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ, মেয়েদের শিক্ষার হার বৃদ্ধি ও গরীব শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে শিক্ষা উপকরণ বিতরণের জন্য আহবান জানান।	দাখিল করতে হবে।	
৩	স্বাস্থ্য বিষয়ক	ব্র্যাক নামক এনজিও প্রতিনিধি সভায় বলেন যে, আলোচ্য মাসে তারা ৪১৯৭ জনকে প্রাথমিক স্বাস্থ্য চিকিৎসা সেবা এবং ২১৪৮ জন গর্ভবতী পরিচর্যা করেছেন। ব্যাপ্টিস্ট মিড মিশনস হাসপাতালের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য মাসে তারা ৩৫৪৫ জনকে স্বাস্থ্য সেবা, ৫৫৪ জন শিশুকে টিকা প্রদান ও ২৫ জন গর্ভবতী মায়ের সেবা প্রদান করেছেন। লেপ্রা বাংলাদেশ নামক এনজিও'র প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় আলোচ্য তারা ৮১ জন সন্দেহভাজন কুষ্ঠ রোগী পরীক্ষা করে। ০২ জন রোগী চিহ্নিত করেছে। সন্দেহভাজন ০৩ জন ফাইলেরিয়া রোগী পরীক্ষা করে ০৩ জন রোগী চিহ্নিত করেছে। সভাপতি গরীব, দুস্থ্যঃ, অসহায়দের সরকারি স্বাস্থ্য সেবার পাশাপাশি এনজিওদেরও বিনা খরচে স্বাস্থ্য সেবা প্রদানের আহবান জানান এবং সময়কে সর্বোচ্চ কাজে লাগিয়ে জনগনের সেবা করার অনুরোধ করেন।	১। সরকারি স্বাস্থ্য সেবার পাশাপাশি এনজিওদেরও গরীব, দুস্থঃ, অসহায়দের বিনা খরচে স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। ক্লিনিকগুলি সরকারি নির্দেশনা অমান্য করে যত্রতত্র ক্লিনিকের আর্বজনা/ময়লা/বর্জ্য ফেললে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। সিভিল সার্জন, নাটোর ২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর ৩। সকল এনজিও প্রধান।
৪	বিবিধ	ক) মানব পাচার একটি ঘৃণ্য অপরাধ।অর্থনৈতিক স্বচ্ছলতা এবং জীবনমান উন্নয়নের লক্ষ্যে কিছু বেকার যুবক বিদেশ যাওয়ার স্বপ্ন দেখে। সরকারী অনুমোদন,শ্রম বাজার, বিদেশ গমনের রুট, নিয়োগকারী প্রতিষ্ঠানের তথ্য, ভিসা,পাসপোর্ট ইত্যাদি সম্পর্কে ভালভাবে খোঁজ খবর না নিয়ে/অজ্ঞতার কারণে নিজের অজান্তে প্রতারক চক্রের ফাঁদে পড়ে পাচারকারীদের শিকারে পরিণত হচ্ছে। ফলশ্রুতিতে কোন কোন পরিবার নিজের শেষ সম্বল বসত ভিটা টুকুও বিক্রয় করে সর্বশান্ত হচ্ছে। কেউ কেউ জীবনের ঝুঁকি নিয়ে সমুদ্রপথে পাড়ি জমাতে গিয়ে অকালে জীবন হারাচ্ছে। মেয়েদেরকে ভাল চাকরির প্রলোভন দিয়ে পাচার করা হচ্ছে। বিদেশ যাওয়ার পর ঐ সকল মেয়েরা অমানবিক নির্যাতনের স্বীকার হচ্ছে। সরকার গত ১৪/৬/২০১৭ তারিখে ১৪টি দেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে অভিবাসন ব্যয় পুনঃনির্ধারণ করেছে। এছাড়াও সৌদি আরবে কর্মী প্রেরণের জন্যও অভিবাসন ব্যয় নির্ধারণ করা হয়েছে। এনজিওগুলি তৃনমূল পর্যায়ে কাজ করে । তাদের দৈনন্দিন কাজের পাশাপাশি এবিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহনের জন্য সকল এনজিও প্রধানগনকে অনুরোধ জানান।	১) সকল এনজিও প্রধানকে তাদের দৈনন্দিন কাজের পাশাপাশি মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে। ২) অনুপ্রবেশকারী মায়ানমার নাগরিকদের পাচার রোধে নজরদারী বৃদ্ধি করতে হবে। ৩) ভিক্ষুকদের পূণর্বাসন করতে হবে এবং ভিক্ষাবৃত্তি	১। পুলিশ সুপার,নাটোর ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), নাটোর। ৩।উপপরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, নাটোর ৪। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর।

		খ) গত ১৭/১০/২০১৭ খ্রিঃ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়/আন্তঃসংস্থার সমন্বয়ে গঠিত কমিটির ৮৯ তম সভার ২.৭) বিবিধ খ) মোতাবেক অনুপ্রবেশকারী মায়ানমার নাগরিকদের পাচার রোধে নজরদারী বৃদ্ধির জন্য পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার ও সকল এনজিও প্রধানদের অনুরোধ করেন। গ) সভাপতি বলেন যে, ভিক্ষুকমুক্ত নাটোর ঘোষনার লক্ষ্যে ভিক্ষুকদের পূর্ণবাসন করতে হবে। ভিক্ষাবৃত্তি নিরুৎসাহিত করতে হবে। ইতোমধ্যে ভিক্ষুক পুনর্বাসনের জন্য সোনালী ব্যাংক, ফুলবাগান শাখায় ভিক্ষুকমুক্তকরণ নামে চলতি হিসাব নম্বর ০২২০০৬৭২ ব্যাংক একাউন্ট খোলা হয়েছে। উপস্থিত সকলকে তিনি সাধ্যমত সহযোগিতা প্রদানের জন্য আহবান জানান। তিনি ভিক্ষুকদের বিনা খরচে চিকিৎসা সেবা প্রদানের জন্য ব্যাপ্টিষ্ট মিড মিশনস হাসপাতাল কর্তৃপক্ষকে পুনরায় অনুরোধ জানান এবং সকল এনজিওকে উপজেলাভিত্তিক ভিক্ষুকদের পুণর্বাসনে দায়িত্ব গ্রহন/সহযোগিতার জন্য পুনরায় অনুরোধ করেন। ঘ) সভাপতি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সনদ ব্যতিত মাইক্রোক্রেডিট পরিচালনাকারী এনজিওসমুহের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল)কে অনুরোধ করেন।	নিরুৎসাহিত করতে হবে। সাধ্যমত সকলকে সাহায্য করতে হবে এবং ভিক্ষুক পুনর্বাসন করতে হবে। ৪। ভিক্ষুকদের বিনা খরচে চিকিৎসা সেবা প্রদানের জন্য অনুরোধ করা হলো। ৫। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সনদ ব্যতিত মাইক্রোক্রেডিট পরিচালনাকারী এনজিওসমূহের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৫। ব্যাপ্টিষ্ট মিড মিশনস হাসপাতাল কর্তৃপক্ষ ৬। সকল এনজিও প্রধান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শাহিনা খাতুন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
নাটোর।
টেলিফোন ০৭৭১ ৬৬৭৪১
ই-মেইল: dcnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯০০.০০৬.৩৩.০০২.১৬-১০৮৫ তারিখ: ১৮ আষাঢ়, ১৪২৫ / ০২ জুন, ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
৫. পরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭।
৬. উপ-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় (প্রতিষ্ঠান শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা(৭ম তলা),বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

৮. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, নাটোর।
৯. সিভিল সার্জন, নাটোর।
১০. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/বাগাতিপাড়া/লালপুর/গুরুদাসপুর/নলডাংগা, নাটোর।
১১. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/বাগাতিপাড়া/লালপুর/গুরুদাসপুর/ নলডাংগা, নাটোর।
১২. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নাটোর।
১৩. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
১৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর।
১৫. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর।
১৬. ....(সকল সদস্য) নাটোর।
১৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর (কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল)।

(খন্দকার রবিউল ইসলাম)
সহকারী কমিশনার
ও
সদস্য সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
নাটোর।